গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৫২.৪১.০০১.২২.১৪০

তারিখ: ২৬ চৈত্র ১৪২৮
০৯ এপ্রিল ২০২২

বিষয়: **নবনির্মিত ৪০টি ফায়ার স্টেশন উদ্বোধন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৪/০৪/২০২২ তারিখে দেশের বিভিন্ন স্থানে নবনির্মিত ৪০টি ফায়ার স্টেশন উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ উপলক্ষ্যে সচিব, সুরক্ষা সেবা বিভাগের সভাপতিত্বে ০৭/০৪/২০২২ তারিখ একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় উক্ত উদ্বোধনী অনুষ্ঠান সফল করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের চেকলিস্ট অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন উপকমিটি গঠন করা হয়।

০২। এমতাবস্থায়, সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন এর জন্য সভার কার্যবিবরণী নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের নিকট এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী

৯-৪-২০২২
জাহিদুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২-২২৩৩৫৪৭৪৭
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: fire1@ssd.gov.bd

বিতরণ :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৫২.৪১.০০১.২২.১৪০/১

তারিখ: ২৬ চৈত্র ১৪২৮
০৯ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৯-৪-২০২২
জাহিদুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি-১ শাখা
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নবনির্মিত ৪০(চল্লিশ)টি ফায়ার স্টেশন উদ্বোধন এর লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মোকাব্বির হোসেন, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ ও সময় : ০৭ এপ্রিল, ২০২২ সকাল ৯.৩০ টা

স্থান : সচিব এর অফিস কক্ষ

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি, সভার শুরুতেই আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য শাহানারা খাতুন, অতিরিক্ত সচিব (অগ্নি)-কে অনুরোধ করেন। তিনি জানান, মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৪/০৪/২০২২ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত দুটি প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন স্থানে নবনির্মিত ৪০টি ফায়ার স্টেশন উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উদ্বোধনের জন্য নির্বাচিত দেশের ০৫টি বিভাগের ২৬টি জেলা এবং ৩৯টি উপজেলার ৪০টি ফায়ার স্টেশনের তালিকা উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের চেকলিস্ট অনুযায়ী সকল কার্যক্রম আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**২.০**

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.১ | ১। প্রস্তুতিমূলক (টেকনিক্যাল) সভা অনুষ্ঠান;<br>২। মুখ্য সচিব মহোদয়ের অনুমতি গ্রহণ ;<br>৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ে সভা;<br>৪। মাননীয় প্রধানমন্ত্রীর জন্য ফোল্ডার ও সম্মতিপত্র (টেবিল পোডিয়াম) এবং<br>৫। মহড়া অনুষ্ঠান: | ১। ভিডিও কনফারেন্সিং প্রোগ্রামের তারিখ নির্ধারিত হওয়ার পর অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে নিয়ে টেকনিক্যাল বিষয়ে সুসমন্বয়ের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা করতে হবে। এক্ষেত্রে, উক্ত সভায় নিম্নলিখিত সংস্থার প্রতিনিধির উপস্থিত থাকা আবশ্যকঃ<br>ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভিডিও কনফারেন্স টিমের একজন প্রতিনিধি<br>খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br>গ) বিটিসিএল<br>ঘ) কাজলা টেকনোলজি<br>ঙ) ইভেন্ট ম্যানেজমেন্ট এবং<br>চ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধিসহ সমন্বয় সভা করা;<br>১) বিটিভি, বেতার ও অনলাইন প্লাটফর্মে (ফেসবুক, ইউটিউব ইত্যাদি) সরাসরি সম্প্রচার সমন্বয়।<br>২) ভিডিও কনফারেন্সিং এর জন্য দুইজন ফোকাল | বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়:<br>১. ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ-আহবায়ক<br>২. জনাব মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ;<br>৩. জনাব মো: আলী রেজা সিদ্দিকী, যুগ্মসচিব, পরিকল্পনা ও নিরাপত্তা | মহাপরিচালক, এফএসসিডি এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | পয়েন্ট কর্মকর্তা মনোনিত করতে হবে;<br>৩) অনুষ্ঠান চলাকালে ক্যামেরা নিয়ন্ত্রণ বিষয়ে প্রধানমন্ত্রী কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য একজন ফোকালপয়েন্ট নির্ধারণ;<br><br>২। প্রোগ্রামের ক) দাওয়াত কার্ড, খ) অনুষ্ঠান সূচী, গ) ধারাক্রম/সঞ্চালনা ঘ) ব্যানারের মাপ ও ডিজাইন ঙ) অডিও ভিজ্যুয়াল চ) ডিজিটাল ফ্লাইয়ার (উদ্বোধনের জন্য) এবং ছ) গেস্ট লিস্ট (উভয় প্রান্ত) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়'কে দেখাতে হবে এবং ০৫ (পাঁচ) কর্মদিবস পূর্বে অনুমতি গ্রহণ করতে হবে। মুখ্য সচিব মহোদয়ের দেয়া নির্দেশনা অনুসারে উপরে উল্লেখিত বিষয়াদি সংশোধন পূর্বক ০৩ (তিন) কর্মদিবস পূর্বে চূড়ান্ত করতে হবে।<br><br>৩। মুখ্য সচিব স্যারের অনুমতি গ্রহণের পর ভিডিও কনফারেন্সিং প্রোগ্রামের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠানের সার্বিক বিষয় নিয়ে পরিচালক (প্রশাসন) -এর সাথে নিম্নোক্ত বিষয় নিয়ে সভা অনুষ্ঠান করতে হবে;<br>১) মনোনিত দুইজন ফোকাল পয়েন্ট উপস্থিত থাকবেন;<br>২) সভায় মহড়ার তারিখ নির্ধারণ করতে হবে;<br>৩) দাওয়াত কার্ড, অনুষ্ঠান সূচী, ধারাক্রম/সঞ্চালনা, ব্যানার ও অডিও ভিজ্যুয়াল, ডিজিটাল ফ্লাইয়ার (উদ্বোধনের জন্য), গেস্ট লিস্ট (উভয় প্রান্ত), উপস্থাপকের পরিচয়, ধর্মগ্রন্থ থেকে পাঠকারীর পরিচয় এবং তার প্রার্থনা/মোনাজাত -এর কপি ইত্যাদির সমন্বয়ে ফোল্ডার প্রস্তুতকরণ;<br>৪) প্রকল্প ব্রিফ;<br>৫) ফ্লাইয়ার/ব্রসিউর/বুকলেট (যদি থাকে);<br>৬) মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিপত্রের টেবিল পোডিয়াম (নমুনা অনুসারে)<br><br>৪। মাননীয় প্রধানমন্ত্রীর জন্য তৈরিকৃত দাওয়াত কার্ড সহকারি একান্ত সচিব-১ এর নিকট এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং এর নিকট অনুষ্ঠানের ০৫ (পাঁচ) কর্মদিবস পূর্বে পৌছানো নিশ্চিত করতে হবে।<br><br>৫। মাননীয় প্রধানমন্ত্রীর জন্য ০২ টি ফোল্ডার বিশেষভাবে তৈরি করতে হবে;<br>১) মাননীয় প্রধানমন্ত্রীর ফোল্ডারের উপরে আবশ্যিকভাবে "মাননীয় প্রধানমন্ত্রী" লেখা থাকতে হবে;<br>২) এতে নিম্নলিখিত কাগজ পত্রাদি আবশ্যিকভাবে থাকতে হবেঃ<br><br>ক) দাওয়াত কার্ড (মাননীয় প্রধানমন্ত্রী নামাঙ্কিত খামে) | অধিশাখা; সুরক্ষা সেবা বিভাগ<br>৪. জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১), সুরক্ষা সেবা বিভাগ;<br>৫. জনাব মো: রাশেদুল ইসলাম, উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ;<br>৬. জনাব দিনমনি শর্মা, উপপরিচালক, ঢাকা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;<br>৭. পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর - সদস্য সচিব।<br>• এছাড়া ভিডিও কনফারেন্সিং এর জন্য জনাব নাসরিন জাহান, যুগ্মসচিব (বহি-৪ ও নিরা-৪), সুরক্ষা সেবা বিভাগ এবং জনাব দিলসাদ বেগম, উপসচিব (প্রশাসন-১), সুরক্ষা সেবা বিভাগ কে ফোকাল পয়েন্ট মনোনিত করার সিদ্ধান্ত হয়।<br>• অনুষ্ঠান চলাকালে ক্যামেরা নিয়ন্ত্রণ বিষয়ে প্রধানমন্ত্রী কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য লে. কর্ণেল মো: রেজাউল করিম, পিএসসি, পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন) কে ফোকাল পয়েন্ট নির্ধারণ করার সিদ্ধান্ত হয়।<br>• উদ্বোধনী অনুষ্ঠান বিটিভি, বেতার ও অনলাইন প্লাটফরমে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ মহাপরিচালক, এফএসসিডি কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়। এবং অনলাইন প্লাটফর্মে (ফেসবুক, | |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | খ) অনুষ্ঠান সূচী (Minute to Minute) (সফট কপিসহ)<br>গ) ধারাক্রম/সঞ্চালনা (উপস্থাপনার বিস্তারিত স্ক্রিপ্ট) (সফট কপিসহ)<br>ঘ) বিভিন্ন প্রান্তে উপস্থিত আমন্ত্রিত অতিথির মধ্য থেকে আনুমানিক ৩০ জন গুরুত্বপূর্ণ ব্যাক্তির তালিকা (সফট কপিসহ)-------------(নমুনা-৪)<br>ঙ) উপস্থাপক/উপস্থাপিকার পরিচিতি (সফট কপিসহ)-(নমুনা-৫)<br>চ) সম্মতিপত্র (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন/ পুরস্কার প্রদানের ক্ষেত্রে তাঁর সানুগ্রহ সম্মতি গ্রহণের জন্য সম্মতিপত্রসহ টেবিল পোডিয়াম তৈরি করে দিতে হবে) সফটকপিসহ। -(নমুনা-৬)<br>ছ) অন্যান্য প্রয়োজনীয় তথ্য (সফট কপিসহ);<br><br>৬। প্রোগ্রামের ফোল্ডার ০৩ কর্মদিবস পূর্বে পরিচালক (প্রশাসন) শাখায় প্রেরণ করতে হবে;<br><br>৭। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যসহ উপরে বর্ণিত সকল ডকুমেন্ট সম্বলিত ফোল্ডার প্রধানমন্ত্রীর কার্যালয়ে ট্রায়াল/মহড়ার ২ দিন পূর্বে এবং ভিডিও কনফারেন্সের ০৩(তিন) কর্মদিবস পূর্বে (শুক্র/শনিবার ব্যতীত) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক (প্রশাসন) শাখায় আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>৮। মোট ১০টি ফোল্ডার দিতে হবে : (মাননীয় প্রধানমন্ত্রীঃ ২টি, মুখ্য সচিবঃ ১টি, সচিবঃ ১টি, মহাপরিচালকঃ ১টি, প্রধানমন্ত্রীর একান্ত সচিব- ১ : ১টি, প্রধানমন্ত্রীর একান্ত সচিব ২ ১টি, প্রধান মন্ত্রীর সহকারি একান্ত সচিব-১, পরিচালক (প্রশাসন)- ১টি এবং অতিরিক্ত- ১টি= মোট ১০টি<br><br>৯। প্রোগ্রামের অন্তত ২ (দুই) দিন পূর্বে ভিডিও কনফারেন্সিং -এর একটি পূর্ণাঙ্গ মহড়া করতে হবে;<br>১) গণভবনের পরিবর্তে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট সংস্থার সাথে মহড়া করা হয়ে থাকে;<br>২) মহড়াকালে দপ্তর/সংস্থার ১ জন ফোকাল পয়েন্ট প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রান্তে এবং অপর জন অন্য প্রান্তে উপস্থিত থাকতে হবে;<br>৩) মহড়ার সময় নোট গ্রহণ করে সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করবেন;<br>৪) ফোকাল পয়েন্ট প্রোগ্রাম চলাকালীন গণভবন প্রান্ত থেকে যে কোন নির্দেশনা অন্য প্রান্তে বাস্তবায়নে সচেষ্ট থাকবেন;<br>৫) মহড়ায় না দেখিয়ে কোন কিছু মুল অনুষ্ঠানে দেখানো যাবে না;<br>৬) মহড়া অনুষ্ঠানের নির্দিষ্ট সময়ের পূর্বে ভেন্যু | ইউটিউব) সম্প্রচারে সহযোগিতা প্রদানের জন্য প্রোগামার/সহকারি প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ কে দায়িত্ব প্রদান করা হয়। | |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | প্রস্তুত রাখতে হবে (কানেকটিভিটি, ডিভাইস, স্টেজ, ক্যামেরা, ডিসপ্লে, সাউন্ড, লাইটসহ সংশ্লিষ্ট সবকিছু) | | |
| ২.২ | ভিডিও প্রস্তুতকরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সৃষ্টির ইতিহাস, উন্নয়ন এবং নবনির্মিত স্টেশনের সচিত্র প্রতিবেদন সম্বলিত ৪.৫ মিনিটের একটি অডিও ভিডিও প্রস্তুতকরণ এবং ডিজিটাল ফ্লাইয়ার প্রস্তুত। | বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরুপ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়:<br>১. জনাব আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ-সদস্য সচিব;<br>২. লে. কর্নেল জিল্লুর রহমান, পরিচালক (অপারেশন ও মেইন.), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স;<br>৩. জনাব মোঃ আলী রেজা সিদ্দিকী, যুগ্মসচিব, পরিকল্পনা ও নিরাপত্তা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ;<br>৪. জনাব মো: শাহরিয়াজ পিএএ, যুগ্মসচিব (বহিরাগমন-২ শাখা) সুরক্ষা সেবা বিভাগ;<br>৫. জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ<br>৬. জনাব মো: শাহজাহান শিকদার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অদিদপ্তর, ঢাকা;<br>৭. জনাব কানিজ ফাতেমা, সিনিয়র সহকারি সচিব, (বহি.-৩) - সদস্য সচিব | মহাপরিচালক, এফএসসিডি এবং সংশ্লিষ্ট কমিটি |
| ২.৩ | অতিথিগণের তালিকা প্রস্তুত, আমন্ত্রণপত্র প্রণয়ন ও বিতরণ এবং উদ্বোধনী ফলক ও ব্যানার প্রস্তুতকরণ | ১। আমন্ত্রণপত্র যথাযথভাবে, দৃষ্টিনন্দন করে প্রস্তুতকরণের যাবতীয় কার্যাদি সম্পাদন;<br>২। আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন ও অনুমোদন;<br>৩। মাননীয় প্রধানমন্ত্রীর জন্য কার্ড প্রস্তুত, সহকারি একান্ত সচিবের ০৫ কর্মদিবসের পূর্বে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;<br>৪। সকল অতিথিগণের কার্ড বিতরণ; | বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরুপ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়:<br>১. জনাব মো: খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ-আহবায়ক | মহাপরিচালক, এফএসসিডি এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | ৫। গুরুত্বপূর্ণ অতিথিদের কার্ড কর্মকর্তাদের মাধ্যমে বিতরণ;<br>৬। গুরুত্বপূর্ন অতিথিদের উপস্থিতি টেলিফোনে নিশ্চিত হতে হবে;<br>৭। সংশ্লিষ্ট জেলা, উপজেলায় কার্ড পৌছাতে হবে;<br>৮। সার্ভিস রিটার্ন সংরক্ষণ করা<br>৯। উদ্বোধনী ফলক প্রস্তুতকরণ, স্থাপন, উদ্বোধনের জন্য লাল ভেলবেট কাপড় পরিবৃতকরণ এবং ইলেক্ট্রনিক পদ্ধতিতে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ।<br>১০। গণভবনপ্রান্ত এবং ফায়ার সার্ভিস প্রান্তের জন্য পরিমাপ অনুযায়ী ব্যানার তৈরী;<br>১১। ব্যানার (গণভবন প্রান্তের জন্য) (মাপঃ উচ্চতা ৭.৩ ফিট এবং দৈর্ঘ্য ১৫ ফিট)----------- (নমুনা -৭)<br>১) ব্যানার সরাসরি গণভবনে পাঠাতে হবে প্রোগ্রামের ২ (দুই) কর্মদিবস পূর্বে;<br>২) ব্যানার প্রবেশের অনুমতির জন্য গণভবনে সহকারি সামরিক সচিব -এর সাথে যোগাযোগ করতে হবে;<br>১২। ব্যানার গ্রহণ ও স্থাপনের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল)-এর সাথে যোগাযোগ করতে হবে (মোবাইলঃ ০১৭৩১ ৩০৮২১৫)। | **২.** পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;<br>৩। জনাব আরিফ আহমেদ, যুগ্মসচিব (পরি-১), সুরক্ষা সেবা বিভাগ;<br>৪. জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২), সুরক্ষা সেবা বিভাগ;<br>৫. জনাব তরফদার মাহমুদুর রহমান, উপসচিব (বহি. ৫ ও ৬), সুরক্ষা সেবা বিভাগ;<br>৬. জনাব মো: মামুনুর রশিদ, সহকারি পরিচালক (ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স;<br>৭. জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব (পরি- ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ;<br>-সদস্য সচিব | |
| ২.৪ | ভেন্যু ব্যবস্থাপনা | ১। ভেন্যু ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;<br>২। ব্যানার ও ফেস্টুন দিয়ে ভেন্যু সজ্জিতকরণ<br>৩। মঞ্চ তৈরিকরণ;<br>৪। ইন্টারনেট ক্যাবল লাইন সংযোজন;<br>৫। অতিথিদের আসন বিন্যাস নিশ্চিতকরণ (স্টিকারসহ);<br>৬। পর্যাপ্ত ইন্টারনেট, মাইক্রোফোন ব্যবস্থা নিশ্চিতকরণ। | বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়:<br>১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-আহবায়ক<br>২. প্রকল্প পরিচালক, দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/ স্থানে ১৫৬টি (সংশোধিত- ১৪৩টি) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প;<br>৩. প্রকল্প পরিচালক, দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত- ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প;<br>৪. জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১), সুরক্ষা সেবা বিভাগ | মহাপরিচালক, এফএসসিডি এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | ৫. জনাব মো: আব্দুল হালিম, সহকারি পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা;<br>৬. পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-সদস্য সচিব | |

৩। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রাপ্ত সকলকে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানানো হয় এবং আগামী ১৩ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে সকল কাজ শেষ করার জন্য উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭০৪২০২২

মোঃ মোকাব্বির হোসেন
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫৮.০০.০০০০.০৫২.৪১.০০১.২২- ১৬৯

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮ / ০৭ এপ্রিল ২০২২

**বিতরণ :**

১. অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,

৩. প্রকল্প পরিচালক, দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/ স্থানে ১৫৬টি (সংশোধিত-১৪৩টি) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প;

৪. প্রকল্প পরিচালক, দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত-৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প;

৫. যুগ্মসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

৬. উপসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

৭. সিনিয়র সহকারী সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**অনুলিপি :**

১. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

07/04/22

(জাহিদুল ইসলাম)
উপসচিব